# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪৫

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৩/২০২২/৮১৬৮ ১৭ ডিসেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | সেকশন অফিসার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০) | ০৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) ও স্নাতক পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.২৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৪.০ থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০২ | আইন কর্মকর্তা<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>আইন শাখা | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) ও স্নাতক পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৪.০ থাকতে হবে।<br>**আবশ্যিক যোগ্যতা ও অভিজ্ঞতা:** বাংলাদেশ বার কাউন্সিলের সনদ অবশ্যই থাকতে হবে। সুপ্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের সাথে আইন সংক্রান্ত কাজে কমপক্ষে ০২ বছরের বাস্তবিক অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৩ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** (১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) ও স্নাতক পর্যায়ের যে কোন একটিতে জিপিএ ৩.৫০ থাকতে হবে। (২) এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৪.০ থাকতে হবে। (৩) Structured Programming অথবা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ ও দক্ষতা থাকতে হবে। (৪) স্ট্যান্ডার্ড অ্যাপটিচুট টেস্টে উত্তীর্ণ হতে হবে।<br>(৫) MYSQL/PHP এবং LINUX, WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৪ | সাইকোলজিস্ট<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সাইকোলজি বিষয়ে বিএসসি (অনার্স) সহ ক্লিনিক্যাল বা কাউন্সিলিং সাইকোলজিতে মাস্টার্স ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে অনার্স ও মাস্টার্স পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৪.০ থাকতে হবে।<br>**আবশ্যিক যোগ্যতা ও অভিজ্ঞতা:** দেশী /বিদেশী স্বনামধন্য কোন উন্নয়ন সংস্থা/প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয় ০২ বছরের বাস্তবিক অভিজ্ঞতা হবে। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৫ | সহকারী ফিজিক্যাল ইনস্ট্রাক্টর<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০)<br>শরীরচর্চা শিক্ষা বিভাগ | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় শ্রেণী অথবা জিপিএ ২.৯০ সহ বিপিএড ডিগ্রি থাকতে হবে। ফিজিক্যাল এডুকেশন মাস্টার্স অথবা বিদেশে ফিজিক্যাল এডুকেশন দীর্ঘমেয়াদী উচ্চতর প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৩.২৫ থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।<br>**বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ০৬ | ল্যাব ইনস্ট্রাক্টর<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০) | ০৪টি | **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রি (দ্বিতীয় শ্রেণী/জিপিএ-৩.২৫) থাকতে হবে। এসএসসি/সমমান পর্যায়ে বিজ্ঞান বিষয়ে কমপক্ষে জিপিএ ৩.৫০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** ল্যাব পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৭ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১১তম, স্কেল ১২,৫০০-৩০,২৩০) | ০৮টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** দ্বিতীয় শ্রেণীর অথবা জিপিএ-২.৯০ সহ স্নাতক/সমমান ডিগ্রি। কম্পিউটার অপারেশনে সক্ষমতা ও সনদ আবশ্যক। এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৯০ থাকতে হবে।<br>অথবা সর্বস্তরে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৯০ সহ এসএসসি পাশ ও কম্পিউটার সায়েন্সে স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে ৪ বছরের ডিপ্লোমা থাকতে হবে।<br>কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস ম্যানেজমেন্ট প্রোগ্রামে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটার অপারেটর পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।<br>**বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ০৮ | নিরাপত্তা সুপারভাইজার<br>(গ্রেড-১৩তম, স্কেল: ১১,০০০-২৬,৫৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫ সহ স্নাতক/সমমান ডিগ্রি। এসএসসি ও এইচএসসি পর্যায়ে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে। সামরিক বাহিনী, বিজিবি'র (কর্মরত অথবা অবসরপ্রাপ্ত সদস্য), আনসার বাহিনীর সদস্য, গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সরকার অনুমোদিত বেসরকারী সিকিউরিটি সার্ভিসের সদস্য।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা। |
| ০৯ | পুরোহিত<br>(গ্রেড-১৩তম, স্কেল: ১১,০০০-২৬,৫৯০) | ০১টি | পুরোহিত পদে আবেদনের যোগ্যতা: প্রার্থীকে ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২) কাব্যতীর্থ অথবা ব্যাকরণতীর্থ অথবা স্মৃতিতীর্থ উত্তীর্ণ হতে হবে। তবে সংস্কৃত বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের কাব্যতীর্থ/ব্যাকরণতীর্থ/স্মৃতিতীর্থ ডিগ্রি থাকা বাধ্যতামূলক নয়। ৩) সনাতন ধর্মের মন্দির বা আশ্রম এ সকল পূজা, ব্রত ও শাস্ত্রীয় অনুষ্ঠানে পৌরহিত্য করার বাস্তব ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪) ধার্মিক, সদাচারী, বিনয়ী, শাস্ত্রজ্ঞানসম্পন্ন ও ধর্মালোচনায় দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১০ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০) | ১০টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি ও এইচএসসি/সমমান পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৭৫ থাকতে হবে। বাংলা ও ইংরেজীতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা ও সনদ আবশ্যক। অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২০টি এবং ইংরেজিতে ২৫টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।<br>**বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ১১ | ইলেকট্রিশিয়ান<br>(গ্রেড-১৭তম, স্কেল: ৯,০০০-২১,৮০০) | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা:** জিপিএ ২.২৫ সহ এসএসসি/সমমান পাশ হতে হবে। বৈদ্যুতিক কাজের 'সি' ক্যাটাগরী লাইসেন্স ধারী হতে হবে।<br>৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২ | লিফট মেকানিক<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>প্রকৌশল শাখা | ০২ টি | **শিক্ষাগত যোগ্যতা:** ১. দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.২৫ সহ এসএসসি/সমমান পাশ।<br>২. কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ।<br>৩. ৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** লিফট সংক্রান্ত কজে ০২ বছরের অভিজ্ঞতার থাকতে হবে। |
| ১৩ | ল্যাব এটেনডেন্ট<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০) | ১৩টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** এসএসসি ও এইচএসসি/সমমান পর্যায়ে বিজ্ঞান বিভাগে কমপক্ষে জিপিএ ২.২৫ থাকতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৪ | সহকারী মেকানিক (এসি)<br>(গ্রেড-১৯তম, স্কেল: ৮,৫০০-২০,৫৭০) | ০১টি | ১. দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ।<br>২. কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ।<br>৩. ৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** মেকানিক (এসি) কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ১৫ | অফিস সহায়ক (পিয়ন/দপ্তরী)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ১০টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৬ | আয়া (নারী)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ১০টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। |
| ১৭ | বার্তা বাহক<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৪টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৮ | বাস হেলপার<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>**অভিজ্ঞতা:** বাস হেলপার হিসেবে ২ বছরের অভিজ্ঞতা। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।<br>**বি.দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | নিরাপত্তা প্রহরী/গার্ড<br>(গ্রেড-২০তম,স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>সামরিক বাহিনী, বিজিবি'র (কর্মরত অথবা অবসরপ্রাপ্ত সদস্য), আনসার বাহিনীর সদস্য, গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সরকার অনুমোদিত বেসরকারী সিকিউরিটি সার্ভিসের সদস্য। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২০ | মালি (গার্ডেনার)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: কোন খ্যাতিমান নার্সারীতে বিভিন্ন প্রকার গাছের চারা তৈরিসহ গার্ডেনিং এ কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা। |
| ২১ | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার/মেথর/ক্লিনার/সুইপার)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৭টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: আবেদনের সময় বাথরুম/টয়লেট পরিষ্কার কাজে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতার সনদ প্রদান করতে হবে। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে বর্ণিত পদের চাহিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে **আগামী ০৮ জানুয়ারি ২০২৩** এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা (৯ম গ্রেড হতে ১০ম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৭ সেট এবং কর্মচারী ( ১১তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড-৯ম হতে গ্রেড-১০ম পদের জন্য ৮০০.০০ (আটশত) টাকা, গ্রেড-১১তম হতে গ্রেড-১৬তম পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং গ্রেড-১৭তম হতে গ্রেড-২০তম পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৪. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৫. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গননা করে নোবিপ্রবি'র চাকরি গননা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী বয়সসীমা নির্ধারণ করা হবে। কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।

৭. নিয়োগের ক্ষেত্রে যে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।

৮. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

৯. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১১. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১২. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**মোহাম্মদ জসীম উদ্দিন**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়